

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০৮৮-১ তোমার কাছে কি (অপ্রতিরোধ্য ও চতুর্দিক) আচ্ছন্নকারী (বিপদের) কথা পৌঁছেছে?
- ০৮৮-২ (সে বিপদে) কিছু লোকের চেহারা হবে নিম্নগামী,
- ০৮৮-৩ (হবে) ক্লান্ত ও পরিশ্রান্ত,
- ০৮৮-৪ তারা (সেদিন) ঝলসে যাওয়া আগুনে প্রবেশ করবে,
- ০৮৮-৫ ফুটন্ত পানির (কুয়া) থেকে এদের পানি পান করানো হবে;
- ০৮৮-৬ খাবার হিসেবে কাঁটাবিশিষ্ট গাছ ছাড়া কিছুই তাদের জন্যে থাকবে না,
- ০৮৮-৭ এ (খাবার-)টি যেমন তাদের পুষ্ট করবে না, তেমনি (তা দ্বারা) তাদের ক্ষুধাও মিটবে না;
- ০৮৮-৮ (এর পাশাপাশি আবার) কিছু চেহারা থাকবে আনন্দোজ্জ্বল,
- ০৮৮-৯ তারা (সেদিন) তাদের চেষ্টা সাধনার জন্যে ভীষণ খুশী হবে,
- ০৮৮-১০ (তারা থাকবে) আলীশান জান্নাতে,
- ০৮৮-১১ সেখানে তারা কোনো বাজে কথা স্তনবে না;
- ০৮৮-১২ তাতে থাকবে প্রবাহমান বর্ণাধারা।
- ০৮৮-১৩ তাতে থাকবে (সুসজ্জিত) উঁচু উঁচু আসন,

- ০৮৮-১৪ (সাজানো থাকবে) নানান ধরনের পানপাত্র,
- ০৮৮-১৫ (আরাম আয়েশের জন্যে থাকবে) সারি সারি গালিচা ও রেশমের বালিশ,
- ০৮৮-১৬ (আরো থাকবে) উৎকৃষ্ট কার্পেটের বিছানা;
- ০৮৮-১৭ এরা কি উটনীটির দিকে তাকিয়ে দেখে না কিভাবে তাকে সৃষ্টি করা হয়েছে!
- ০৮৮-১৮ আকাশের দিকে (দেখে না), কিভাবে তাকে উঁচু করে রাখা হয়েছে!
- ০৮৮-১৯ পাহাড়গুলোর দিকে (দেখে না), কিভাবে (যমীনের বুক) তাদের দাঁড় করিয়ে রাখা হয়েছে!
- ০৮৮-২০ যমীনের দিকে (দেখে না), কিভাবে তাকে সমতল করে পেতে রাখা হয়েছে!
- ০৮৮-২১ তুমি তাদের (এ কথাগুলো) স্মরণ করতে থাকো। তুমি তো শুধু একজন উপদেশদানকারী মাত্র;
- ০৮৮-২২ তুমি তো তাদের ওপর বল প্রয়োগকারী (দারোগা) নও,
- ০৮৮-২৩ সে ব্যক্তির কথা আলাদা যে (এ হেদায়াত থেকে) মুখ ফিরিয়ে নেবে এবং (যে আল্লাহকে) অস্বীকার করবে,
- ০৮৮-২৪ আল্লাহ তাআলা তাকে অবশ্যই বড়ো রকমের শাস্তি দেবেন;
- ০৮৮-২৫ অবশ্যই তাদের প্রত্যাবর্তন হবে আমার দিকে,
- ০৮৮-২৬ অতঃপর তাদের হিসাব নেয়া(-র দায়িত্ব থাকবে সম্পূর্ণত) আমার ওপর।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London